

নিউ সাউথ ওয়েলস গ্যাস রিবেট

আবেদন পত্র: অন সাপ্লাই পরিবার



এই ফর্মটি যারা বোতলজাত কিংবা পেট্রোলিয়াম গ্যাস (LPG) এর উপর নির্ভর করেন, অথবা যারা আবাসিক কমিউনিটি, রিটায়ারমেন্ট ভিলেজ কিংবা স্ট্রাটা স্কিমের আওতাধীন বাড়িতে বসবাস করেন তাদের ব্যবহারের জন্য।

\$121



নিউ সাউথ ওয়েলস গ্যাস রিবেট যোগ্য পরিবারদের তাদের এলপিজি এর খরচ মেটাতে সাহায্য করে যদি তা পরিবারের সাধারণ চাহিদা মেটানোর জন্য ব্যবহৃত হয়। বোতলজাত এলপিজি এর জন্য সরবরাহকৃত কিংবা পুনরায় ভর্তি করা বোতলের আকার ৪৫ কিলোগ্রামের (৮৮ লিটারের) বেশী হতে হবে। ফর্কলিফটে ব্যবহৃত বোতল, ছোট বারবিকিউ এর গ্যাস বোতল কিংবা এর চেয়ে ছোট আকারের অন্যান্য বোতলগুলো এই রিবেট এর আওতায় পড়ে না।

অন সাপ্লাইড শব্দটি ব্যবহার করা হয় যখন কোন পরিবার মিটারকৃত এলপিজি অথবা প্রাকৃতিক গ্যাস ব্যবহার করে এবং তাদের নিজের পছন্দের গ্যাস সরবরাহকারীর ইস্যুকৃত বিল পাওয়ার পরিবর্তে আবাসিক কমিউনিটি, রিটায়ারমেন্ট ভিলেজ কিংবা স্ট্রাটা স্কিমের ম্যানেজার বা মালিকের ইস্যুকৃত বা তাদের পক্ষ থেকে গ্যাস বিল বা ইনভয়েস পেয়ে থাকেন।

আপনি যদি কোন খুচরা প্রাকৃতিক গ্যাস সরবরাহকারীর কাছ থেকে বিল পেয়ে থাকেন, তাহলে আপনার রিবেটের জন্য আবেদন করতে তাদের সাথে যোগাযোগ করুন অথবা www.service.nsw.gov.au/transaction/apply-gas-rebate-retail-customers ওয়েবসাইটে অনলাইনে আবেদন করুন।

প্রত্যেক অর্থ বছরে প্রতি পরিবারের জন্য একটি রিবেট বা ছাড় প্রদান করা হবে, সেক্ষেত্রে যোগ্য বসবাসকারীর সংখ্যা যতই হোক না কেন।

নিউ সাউথ ওয়েলস ডিপার্টমেন্ট অব প্ল্যানিং, ইন্ডাস্ট্রি এন্ড এনভায়রনমেন্ট (ডিপার্টমেন্ট) এর কাছ থেকে ১২১ ডলারের একটি এককালীন অর্থ আপনার ব্যাংক অ্যাকাউন্টে জমা হয়ে যাবে।

আপনি এই ওয়েবসাইটে অনলাইনে আবেদন করতে পারেন: www.service.nsw.gov.au/transaction/apply-gas-rebate-supply-and-bottled-gas-customers

শুরু করার আগে

আবেদন পত্র পূরণের আগে আপনার কাছে নীচের জিনিসগুলো আছে কিনা তা দয়া করে নিশ্চিত করবেন:

আপনার কাস্টমার রেকর্ডে নম্বর (সার্ভিসেস অস্ট্রেলিয়া (সেন্টারলিঙ্ক) কর্তৃক ইস্যুকৃত CRN) অথবা আপনার ডিপার্টমেন্ট অফ ভেটেরান অ্যাকাউন্ট এর (DVA) নম্বর

আপনার ব্যক্তিগত এবং যোগাযোগের বিস্তারিত

স্বয়ংক্রিয়ভাবে টাকা পাঠানোর জন্য আপনার ব্যাংক অ্যাকাউন্ট

আপনার মিটারকৃত এলপিজি কিংবা প্রাকৃতিক গ্যাসের বিল/ রশিদ অথবা বোতলজাত এলপিজি ক্রয়ের রশিদ (পিডিএফ ফরম্যাট অথবা বিল/ইনভয়েসটির একটি স্পষ্ট ছবি হলেও চলবে)। (বিলের আবশ্যিকতা সম্পর্কিত আরও তথ্যের জন্য ২ এর পাতার 'গুরুত্বপূর্ণ তথ্য' সেকশনটি দেখুন)।

চেকলিস্ট

যোগ্যতার মানদণ্ড

এই ছাড়ের যোগ্য হওয়ার জন্য:

আপনাকে অবশ্যই নিউ সাউথ ওয়েলস এর বর্তমান বাসিন্দা হতে হবে

আপনাকে অবশ্যই যোগ্য অন-সাপ্লায়েড আবাসিক কমিউনিটি (নিউ সাউথ ওয়েলস ফেয়ার ড্রেডিং এ নিবন্ধিত), বা রিটায়ারমেন্ট ভিলেজ (নিউ সাউথ ওয়েলস ফেয়ার ড্রেডিং এ নিবন্ধিত) অথবা স্ট্রাটা স্কিমের (নিউ সাউথ ওয়েলস ল্যান্ড রেজিস্ট্রি সার্ভিসে নিবন্ধিত) একজন বাসিন্দা হতে হবে।

আপনার কাছে সার্ভিসেস অস্ট্রেলিয়া কর্তৃক ইস্যুকৃত পেনশনার কম্পেন্সন কার্ড, সার্ভিসেস অস্ট্রেলিয়া হেলথ কেয়ার কার্ড, অথবা একটি DVA গোল্ড কার্ড আছে যার মধ্যে ওয়ার উইডো (যুদ্ধে যিনি স্বামীকে হারিয়েছেন) অথবা ওয়ার উইডোয়ার পেনশন (যুদ্ধে মৃত স্বামীর স্ত্রীর পেনশন), সম্পূর্ণ এবং স্থায়ীভাবে অক্ষম, কিংবা ডিজিবেলিটি পেনশন কথাগুলো উল্লেখ আছে; এবং

আপনার প্রধান আবাসস্থলে এলপিজি কিংবা প্রাকৃতিক গ্যাস সরবরাহের জন্য গ্যাস অ্যাকাউন্টে আপনার নাম থাকতে হবে, অথবা আবাসিক স্থানে রান্না, ঘর গরম করা কিংবা পানি গরম করার কাজে ব্যবহারের জন্য সরবরাহকৃত বোতলজাত এলপিজি পেয়ে থাকেন এবং আপনার প্রধান আবাসস্থলে গ্যাস সরবরাহের জন্য গ্যাস অ্যাকাউন্টে আপনার নাম থাকতে হবে।

কমনওয়েলথ সিনিয়র হেলথ কার্ডধারীরা এই রিবেট এর জন্য যোগ্য নন।

নিউ সাউথ ওয়েলস গ্যাস রিবেট



আবেদন পত্র: অন সাপ্লাই পরিবার

গুরুত্বপূর্ণ তথ্য

এই রিবেট বা ছাড় যোগ্য আবেদনকারীদের প্রতি পরিবারকে প্রত্যেক অর্থবছরে একবার প্রদান করা হয়।

ডিপার্টমেন্ট আবেদনগুলো যে তারিখে পাবে সেই অনুযায়ী যাচাই করবে।

রিবেট এর আবেদন করার জন্য প্রতি অর্থবছরে একটি নতুন আবেদন এবং ইনভয়েস অবশ্যই জমা দিতে হবে।

আবেদনপত্র প্রতি অর্থবছরের ১ জুলাই থেকে ৩০ জুন পর্যন্ত নেয়া হয়। **চলতি অর্থবছরের জন্য আপনার আবেদন পত্র যাচাই করতে চাইলে আপনাকে অবশ্যই তা ৩০ জুনের মধ্যে পাঠাতে হবে।**

আপনি যদি এই আবেদনপত্রটি পাওয়ার অব এটর্নি বা আমমোক্তারনামার মাধ্যমে জমা দেন তাহলে আপনাকে অবশ্যই পাওয়ার অব এটর্নির একটি সত্যায়িত কপি জমা দিতে হবে।

আপনি যদি সরবরাহকৃত এলপিগি ব্যবহার করে থাকেন তাহলে আপনার বিলে অবশ্যই সরবরাহকারীর বিস্তারিত তথ্য, আপনার নাম এবং ঠিকানা এবং সাইট/ইউনিট নম্বর ও সরবরাহকৃত এলপিগি বোতল বা রিফিলের আকার বা ভলিউম উল্লেখ করতে হবে। ক্রয়ের তারিখ অবশ্যই চলতি অর্থবছরের ১ জুলাই এর পর হতে হবে। আপনার বিল অবশ্যই ছাপানো হতে হবে, হাতে লেখা হলে চলবে না। ফর্কলিফট এলপিগি এবং বারবিকিউ এর বদলকৃত বোতলের রশিদ, এবং সার্ভিস, ডেলিভারি, ভাড়া কিংবা রক্ষণাবেক্ষণের রশিদ গ্রহণযোগ্য হবে না।

আপনি যদি অন সাপ্লাইড গ্যাস ব্যবহার করে থাকেন তাহলে আপনার বিলে অবশ্যই অন সাপ্লাইয়ের বিস্তারিত তথ্য, আপনার নাম এবং ঠিকানা এবং সাইট/ইউনিট নম্বর উল্লেখ থাকতে হবে এবং আপনি যে মিটারে গ্যাস পেয়ে থাকেন তা নিশ্চিত করতে হবে। ক্রয়ের তারিখ অবশ্যই চলতি অর্থবছরের ১ জুলাই এর পর হতে হবে এবং তা ৩ মাসের বেশী পুরানো হলে চলবে না। আপনার বিল অবশ্যই ছাপানো হতে হবে, হাতে লেখা হলে চলবে না।

অতিরিক্ত তথ্য

সার্ভিস নিউ সাউথ ওয়েলস এর ওয়েবসাইট www.service.nsw.gov.au/services/concessions-rebates-and-assistance দেখুন অথবা

02 8073 9255 নম্বরে নিউ সাউথ ওয়েলস এনার্জি রিবেটকে ফোন করুন।

গোপনীয়তা সংক্রান্ত নোটিশ

৪ প্যারামাটা স্কয়ার, ১২ ডারসি স্ট্রিট, প্যারামাটা নিউ সাউথ ওয়েলস ২১৫০ ঠিকানায় অবস্থিত ডিপার্টমেন্ট অব প্ল্যানিং, ইন্ডাস্ট্রি এন্ড এনভায়নমেন্ট (ডিপার্টমেন্ট) আপনার ব্যক্তিগত তথ্যের ব্যবহারের ক্ষেত্রে *প্রাইভেসি এবং পার্সোনাল ইনফরমেশন প্রটেকশন অ্যাক্ট ১৯৯৮ আইনটি* মেনে চলে।

বিদ্যুৎ বিলে ছাড়ের আবেদন পত্র যাচাইয়ের (সেই সাথে আপনার যোগ্যতা যাচাইয়ের) জন্য ডিপার্টমেন্ট আপনার ব্যক্তিগত তথ্য সংগ্রহ করছে, আপনি যদি যোগ্য হন সেক্ষেত্রে আপনাকে বিলে ছাড় দিচ্ছে, বিদ্যুৎ ছাড় প্রকল্পটি পরিচালনা করছে এবং এই ছাড় কার্যক্রমটি অডিট করছে যার মধ্যে গ্রাহক অভিজ্ঞতা জরিপ অন্তর্ভুক্ত থাকতে পারে।

ফর্মটি পূরণ করার সময় আপনি অন্য কোন ব্যক্তির তথ্য প্রদান করতে পারেন। তবে ডিপার্টমেন্ট এর কাছে ব্যক্তিগত তথ্য প্রকাশ এবং গোপনীয়তা নোটিশ অনুসারে তা ব্যবহারের জন্য অন্য আপনাকে ঐ ব্যক্তির কাছ থেকে আগে অনুমতি নিতে হবে।

আপনি ছাড়ের যোগ্য হন কিনা তা নির্ধারণের জন্য ডিপার্টমেন্ট আপনার সিআরএন বা ডিভিএ নম্বর সার্ভিসেস অস্ট্রেলিয়ার কাছে প্রকাশ করবে। ডিপার্টমেন্ট আপনার ব্যক্তিগত তথ্য রিবেট এর অডিট কাজে নিয়োজিত তৃতীয় পক্ষের কোন প্রতিষ্ঠানের কাছে প্রকাশ করতে পারে। ডিপার্টমেন্ট আইনগতভাবে আবশ্যিক না হলে অন্য কারও কাছে আপনার ব্যক্তিগত তথ্য প্রকাশ করবে না।

এই রিবেট এর জন্য আবেদন করা ঐচ্ছিক। তবে আপনি যদি আবেদন করার জন্য সিদ্ধান্ত নেন, সেক্ষেত্রে আপনার আবেদন যাচাইয়ের জন্য সরাসরি আপনার কাছ থেকে যেসকল ব্যক্তিগত তথ্য চাওয়া হচ্ছে তা অবশ্যই ডিপার্টমেন্টকে প্রদান করতে হবে।

ডিপার্টমেন্ট আপনার যেসকল ব্যক্তিগত তথ্য সংরক্ষণ করে সেগুলোতে আপনার প্রবেশাধিকার আছে। এছাড়াও আপনি এই তথ্যগুলো পরিবর্তন বা হালনাগাদ করার জন্য ডিপার্টমেন্টকে অনুরোধ করার অধিকার রাখেন। অতিরিক্ত তথ্যের জন্য ইমেইল করুন এই ঠিকানাঃ rebates@energysaver.nsw.gov.au

নিউ সাউথ ওয়েলস গ্যাস রিবেট



আবেদন পত্র: অন সাপ্লাই পরিবার

ফর্মটি পূরণ করা

- দয়া করে ইংরেজিতে বড় হাতের অক্ষরে পূরণ করুন।
- আবেদনকারীর নাম অবশ্যই আপনার প্রাকৃতিক গ্যাস কিংবা এলপিগির বিল/ইনভয়েসে উল্লেখিত নামের সাথে মিল থাকতে হবে।
- এই আবেদন পত্রে উল্লেখিত ঠিকানা অবশ্যই আবেদনকারীর মূল বাসস্থানের ঠিকানা হতে হবে।
- যে ব্যাংক অ্যাকাউন্টে টাকা পাঠানো হবে সেটি অবশ্যই আবেদনকারীর হতে হবে।

আবেদনকারীর বিস্তারিত

সিআরএন (সার্ভিসেস অস্ট্রেলিয়া):

DVA নম্বর:

নামের প্রথম অংশ:

পারিবারিক নাম:

কমিউনিটি/ভিলেজ এর নাম অথবা স্ট্রাটা প্ল্যান নম্বর:

সাইট/ইউনিট নম্বর:

রাস্তার ঠিকানা:

সাবার্ব:

পোস্টকোড:

যোগাযোগের ফোন নম্বর:

ইমেইল ঠিকানা:

ডাক ঠিকানা (যদি উপরের ঠিকানা থেকে ভিন্ন হয়ে থাকে)

সাবার্ব:

পোস্টকোড:

আবেদনকারীর ব্যাংকের বিস্তারিত তথ্য

ব্যাংকের নাম:

অ্যাকাউন্ট নাম (যেমন মি: এস স্মিথ):

বিএসবি নম্বর:

অ্যাকাউন্ট নম্বর:

আপনি যদি ছাড়ের জন্য যোগ্য হন, সেক্ষেত্রে ডিপার্টমেন্ট আপনার মনোনীত অ্যাকাউন্টে রিবেটের অর্থ পরিশোধ করবে।

নিউ সাউথ ওয়েলস গ্যাস রিবেট



আবেদন পত্র: অন সাপ্লাই পরিবার

আপনার পক্ষ হয়ে অন্য কোন ব্যক্তির আবেদনের জন্য সম্মতি (ঐচ্ছিক)

আপনি যদি চান যে অন্য কোন ব্যক্তি এই আবেদনের জন্য আপনার পক্ষ হয়ে কাজ করুক তবেই কেবল এই অংশটি পূরণ করুন।

আমি

কে অনুমতি দিচ্ছি, যাকে

নিম্নোক্ত কাজে

নম্বরে ফোন করা যাবে।

○ আমার পক্ষ হয়ে এই আবেদন যাচাইয়ে সহযোগিতা করার জন্য ডিপার্টমেন্টের সাথে কথা বলা

○ এই আবেদন যাচাইয়ে সহযোগিতা করার জন্য আবেদনে উল্লিখিত কোন তথ্য ব্যাখ্যা করা।

আমি উল্লিখিত মনোনীত ব্যক্তির সাথে নিশ্চিত হয়েছি যে তিনি আমার পক্ষ হয়ে কাজ করবেন এবং তাকে জানিয়েছি যে এই ফরমে তার কাছ থেকে প্রাইভেসি নোটিশ অনুসারে তথ্য সংগ্রহ ও সেই তথ্য ব্যবহার করা হবে।

আমি বুঝতে পারছি যে আমি যেকোনো সময়ে এনার্জি রিবেটস টিমের সাথে 02 8073 9255 নম্বরে যোগাযোগ করে কিংবা rebates@energysaver.nsw.gov.au ঠিকানায় ইমেইল করে এই সম্মতি প্রত্যাহার করে নিতে পারি।

আবেদনকারীর ঘোষণা এবং অনুমোদনের বিবৃতি

আমি (নাম লিখুন),

ঠিকানা (আপনার মূল বাসস্থানের

ঠিকানা লিখুন)

:

- এই আবেদনপত্রের চেকলিস্ট ও প্রাইভেসি নোটিশ সহ সকল তথ্য পড়ে বুঝতে পেরেছি।
- ঘোষণা করছি যে এই আবেদন পত্রে প্রদত্ত সকল তথ্য আমার সর্বোচ্চ জ্ঞানমতে সত্য ও নির্ভুল।
- বুঝতে পারছি এই ফর্মে প্রদত্ত আমার কোন তথ্য পরিবর্তিত হলে তা ডিপার্টমেন্টকে জানানো আমার দায়িত্ব।
- প্রয়োজন হলে আমার যোগ্যতা সম্পর্কিত অতিরিক্ত তথ্য সরবরাহ করার জন্য সম্মতি দিচ্ছি।
- বুঝতে পারছি যে একবার স্বাক্ষর করার পর এই আবেদনটি সংশ্লিষ্ট অর্থ বছরের জন্য বলবত থাকবে যদি না আমি ডিপার্টমেন্ট এর সাথে যোগাযোগ করে আবেদনটি প্রত্যাহার করে নিই।
- এই আবেদনপত্রের সাথে আমি আমার সাম্প্রতিকতম বিদ্যুৎ বিল/ইনভয়েসের একটি কপি যুক্ত করেছি।
- আমি ছাড়া পাওয়ার যোগ্য কিনা তা নির্ধারণের সুবিধার্থে সার্ভিসেস অস্ট্রেলিয়া গ্রাহক তথ্য এবং কনসেশন কার্ডের অবস্থার ব্যাপারে খোঁজ নেয়ার জন্য ডিপার্টমেন্ট সার্ভিসেস অস্ট্রেলিয়ার ইসার্ভিসেস ব্যবহার করবে।

যোগাযোগের জন্য সম্মতি (ঐচ্ছিক)

ছাড়ের জন্য আবেদনের ক্ষেত্রে আমার অভিজ্ঞতা সম্পর্কে আমার সাথে যোগাযোগ করতে আমি ডিপার্টমেন্টকে সম্মতি দিচ্ছি।

পাওয়ার অব এটর্নি বা আমমোক্তারনামা (যখন আবেদন আমমোক্তারনামার অধীনে স্বাক্ষর করা হবে)

এই আবেদনের সাথে আমি আমমোক্তারনামার একটি সত্যায়িত কপি যুক্ত করেছি।

আবেদনকারীর স্বাক্ষর:

তারিখ:

এই ফর্ম জমা দেয়া

পূরণকৃত ফর্মটি rebates@energysaver.nsw.gov.au ঠিকানায় ইমেইল করুন অথবা

পূরণকৃত ফর্মটি এই ঠিকানায় পাঠিয়ে দিন: NSW Gas Rebate, PO Box 435, Parramatta NSW 2124.

আপনি যদি ফর্মটি ডাকযোগে পাঠান, তাহলে কাগজপত্রগুলোতে স্ট্যাপল কিংবা আঠায়ুক্ত টেইপ ব্যবহার করবেন না।